গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন,১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৪৯ (ক) তারিখ: ২১ আগস্ট ২০২১

**২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত বাস্তবায়িত আইডিয়াসমূহের পর্যালোচনা ও ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২১/০৮/২০২১খ্রি:, শনিবার।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয় । সভাপতি ,সদস্য এবং সংশ্লিষ্টরা নিজ নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় | সভায় ২০২০-২০২১ অর্থবছরে চালু চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় বিষয়ে আলোচনা হয়। বোরো '২১ মৌসুমে ১৬ টি উপজেলা সহ মোট ৩৪টি উপজেলায় পাইলটিং কার্যক্রমের আওতায় চাল সংগ্রহ কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। আগামী আমন'২১ মৌসুমে ১৬টি উপজেলায় ও বোরো'২২ মৌসুমে আরো ১৬টি করে মোট ৩২ টি উপজেলায় এই আইডিয়াটি রেপ্লিকেশন করার বিষয়ে আলোচনা করা হয়।পাশাপাশি অটোমেটিক চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সংযুক্ত করে দ্রুত বাস্তবায়িত করতে হবে। | (ক) চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় আইডিয়াটি সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে।<br>(খ) অটোমেটিক চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সংযুক্ত করে দ্রুত বাস্তবায়ন করতে হবে। | পরিচালক, প্রশিক্ষণ/সংগ্রহ, খাদ্য অধিদপ্তর।<br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)<br>সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। |
| ২. | অব্যবহৃত এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরপূর্বক সঠিক ওজন ব্যবস্থাপনা। | সভায় ২০২১-২২ অর্থবছরে চালু অব্যবহৃত এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তরপূর্বক সঠিক ওজন ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা হয়। ইনোভেশন উদ্যোগটি ১০০% বাস্তবায়িত হয়েছে। পউকা বিভাগ হতে এবার বাজেট বরাদ্দ রাখা হয়েছে। যে সকল সাইলো/এলএসডি/সিএসডিতে অব্যবহৃত এনালগ ট্রাকস্কেল রয়েছে সে সকল কার্যালয় চিহ্নিত করে রেপ্লিকেশনের উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়। | যে সকল সাইলো/ এলএসডি/ সিএসডিতে অব্যবহৃত এনালগ ট্রাকস্কেল রয়েছে সে সকল কার্যালয় চিহ্নিত করে পর্যায়ক্রমে রেপ্লিকেশনের উদ্যোগ নিতে হবে। | পরিচালক, পউকা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। |
| ৩. | সরকারি গুদামে বিক্রিত ধানের মূল্য পরিশোধ (EFT) সেবা সহজীকরণ। | সভায় ২০২০-২০২১ অর্থবছরে চালু সরকারি গুদামে বিক্রিত ধানের মূল্য পরিশোধ (EFT) সেবা সহজীকরণ বিষয়ে আলোচনা হয়। সভায় সরকারি গুদামে বিক্রিত ধানের মূল্য পরিশোধ (EFT) সেবা সহজীকরণ আইডিয়া দেশব্যাপী সম্প্রসারণের জন্য খসড়া নীতিমালা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়ার সাথে আলোচনা করে খসড়া নীতিমালা প্রস্তুত করে প্রেরণ করতে নির্দেশনা দেয়া হয়। | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়ার সাথে আলোচনা করে খসড়া নীতিমালা প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | জনাব, এস এম সাইফুল ইসলাম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/ জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। |

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪. | ডিজিটাল জামানত ব্যবস্থাপনা। | ডিজিটাল জামানত ব্যবস্থাপনা আইডিয়াটি শেরপুর জেলায় বাস্তবায়িত হয়। ইতোমধ্যে ডিজিটাল জামানত ব্যবস্থাপনার খসড়া নীতিমালা প্রণয়ন করে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত খসড়া নীতিমালাটি মতামতের জন্য মতামতের জন্য খাদ্য মন্ত্রণালয় হতে অর্থ বিভাগের প্রেরণ করা হয়েছে। উক্ত নীতিমালাটি অগ্রগতি ইনোভেশন টিমের সভায় নিয়মিতভাবে উপস্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | নীতিমালাটি চূড়ান্তকরণের জন্য খাদ্য মন্ত্রণালয়ের সাথে নিবিড়ভাবে যোগাযোগ রেখে কাজ করবেন এবং আইডিয়াটির অগ্রগতি ইনোভেশন টিমের সভায় উপস্থাপন করতে হবে। | জনাব, মোঃ ফরহাদ খন্দকার জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ। |
| ৫. | এলএসডি/ সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে 'বিতরণকৃত' সিল প্রদান | ২০১৯-২০২০ অর্থবছরে এলএসডি/ সিএসডি হতে খাদ্যশস্য বিতরণকালে 'বিতরণকৃত' সিল প্রদান আইডিয়াটি বাস্তবায়িত হয় এবং দেশব্যাপী রেপ্লিকেশনের আদেশ বিগত ২০/০৮/২০২০ তারিখের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৪নং স্মারকে পরিপত্র জারি করা হয়। পাশাপাশি 'বিতরণকৃত' সিল প্রদান নির্দেশিকা ও ভিডিও প্রণয়ন করা সরবরাহ করা হয়। 'বিতরণকৃত' সিল প্রদান নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সকল খাতে "বিতরণকৃত " সিল প্রদান নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ৬. | খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান। | সভায় ২০১৯-২০২০ অর্থবছরে চালু খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান বিষয়ে আলোচনা হয়। সেবাটির রেপ্লিকেশনের জন্য কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের ১৬/১১/২০২০ তারিখের ৩২৮নং স্মারকে পরিপত্র জারি করা হয়। খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান নির্দেশিকা ও ভিডিও প্রণয়ন করে সরবরাহ করা হয়। সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান মনিটরিং এর বিষয়ে আলোচনা হয়। | খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান নিশ্চিত করতে হবে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ৭. | খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ভোক্তাদের খাদ্যশস্য প্রাপ্তি মনিটরিং | সভায় ২০১৯-২০২০ অর্থবছরে চালু খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ভোক্তাদের খাদ্যশস্য প্রাপ্তি মনিটরিং বিষয়ে আলোচনা হয়। সেবাটি বাস্তবায়িত ও চলমান। মনিটরিং ব্রবস্থা অব্যাহত রাখা এবং এ বিষয়ে বেক্সিমকো এলায়েন্স এর সাথে কাজ করার বিষয়ে আলোচনা হয়। | খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় ভোক্তাদের খাদ্যশস্য প্রাপ্তি মনিটরিং আইডিয়াটির কার্যক্রম চালু রাখতে হবে। এ বিষয়ে বেক্সিমকো এলায়েন্সকে সফটওয়্যার প্রণয়নে সহায়তা করতে হবে। | জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। বেক্সিমকো এলায়েন্স |
| ৮. | নিরাপদ সাইলো (সাইলোতে দূর্ঘটনা নিরোধক ব্যবস্থাপনা ফরমের মাধ্যমে দায়িত্বরত ফোরম্যান/সুপারভাইজার অথবা দায়িত্বরত ব্যক্তির সেফটি ইকুইপমেন্ট ব্যবহার নিশ্চিতকরণ ) | সভায় ২০১৮-২০১৯ অর্থবছরে নিরাপদ সাইলো (সাইলোতে দূর্ঘটনা নিরোধক ব্যবস্থাপনা ফরমের মাধ্যমে দায়িত্বরত ফোরম্যান/সুপারভাইজার অথবা দায়িত্বরত ব্যক্তির সেফটি ইকুইপমেন্ট ব্যবহার নিশ্চিতকরণ) আশুগঞ্জ সাইলোতে বাস্তবায়ন করা হয়। সকল সাইলোতে রেপ্লিকেশনের জন্য পরিচালক, পউকা বিভাগ হতে উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা হয়। | উদ্যেগটি পর্যায়ক্রমে সকল সাইলোতে রেপ্লিকেশনের উদ্যোগ নিতে হবে। | পরিচালক, পউকা বিভাগ ও সাইলো সুপার (সকল) |
| ৯. | এসএমএস এর মাধ্যমে ভোক্তাদের অবহিত করে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় চাল বিতরণ কার্যক্রম। | সভায় ২০১৮-২০১৯ অর্থবছরে চালু এসএমএস এর মাধ্যমে ভোক্তাদের অবহিত করে খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় চাল বিতরণ কার্যক্রম ৬২ টি উপজেলায় বাস্তবায়িত করা হয়েছে। এ বিষয়ে বেক্সিমকো হতে সফটওয়্যার প্রণয়নের কাজ চলমান রয়েছে। পাইলট কার্যক্রম আরো সম্প্রসারনের উদ্যেগ নেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | পাইলট কার্যক্রম আরো সম্প্রসারনের উদ্যেগ নিতে হবে। | পরিচালক, সরবি বিভাগ, খাদ্য অধিদপ্তর ও জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ১০. | ও এম এস কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা আনয়ন। | এ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় Mobile Games and Application for skill Development প্রকল্প হতে খাদ্য মন্ত্রণালয়ের জন্য Development and post development for distribution OMS Rice/Flour by Fingerprint for Ministry of Food" কার্যাদেশ দেয়া হয়। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান Arena Bd Ltd. কার্যক্রম চলমান রেখেছে। Arena Bd Ltd এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে OMS App দ্রুত বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা হয়। | Arena Bd Ltd এর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে OMS App দ্রুত বাস্তবায়ন করতে হবে। | জনাব মোহাম্মদ আমিনুল এহসান, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং জনাব, মোঃ ফরহাদ খন্দকার, জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ। জনাব মোঃ জাকারিয়া মুস্তফা,জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোনা |

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্সের আওতায় নিয়ে আসা। | সভায় ২০১৬-২০১৭ অর্থবছরে চালু খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্সের আওতায় নিয়ে আসা কার্যক্রম বিষয়ে আলোচনা হয়। সেবাটি বাস্তবায়িত। এ বিষয়ে বেক্সিমকো এলায়েন্স সফটওয়্যার প্রণয়নের বিষয়ে কার্যক্রম গ্রহণ করেছেন। তবে খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্স বৃদ্ধি করার উদ্যেগ নিতে হবে। | খাদ্যশস্য ব্যবসায়ীদের লাইসেন্স বৃদ্ধি করার উদ্যেগ নিতে হবে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ১২. | প্রকৃত কৃষকের নিকট হতে ধান সংগ্রহ। | সভায় ২০১৫-২০১৬ অর্থবছরে প্রকৃত কৃষকের নিকট হতে ধান সংগ্রহ বিষয়ে আলোচনা হয়। বিসিসি'র সহায়তায় "কৃষকের অ্যাপ" প্রস্তুত করা হয়েছে। সেবাটি বাস্তবায়িত। বর্তমানে বোরো'২১ মৌসুমে মোট ২১০টি উপজেলায় কৃষকের অ্যাপের মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। আগামী আমন ২০২১-২২ ও বোরো ২০২১-২২ মৌসুমে আরো ৬৪টি উপজেলায় কৃষকের অ্যাপের বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষন এর ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। | "কৃষকের অ্যাপ" সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যেগ নিতে হবে। | পরিচালক, সংগ্রহ/প্রশিক্ষন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা ও সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৮/২০২১

(আব্দুল্লাহ আল মামুন)
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন- +৮৮-০২২২৩৩৮১৮৭১
ই-মেইল-adg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৪৯(ক)    তারিখ: ২১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [সদয় অবগতির জন্য];
২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয় , ঢাকা।
৩) পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/পওকা/ সংগ্রহ/চসসা/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪) অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ;
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/আশুগঞ্জ/নারায়নগঞ্জ/মোংলা/সান্তাহার সাইলো;
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/বগুড়া/ব্রাহ্মণবাড়িয়া/কিশোরগঞ্জ/শেরপুর/বরিশাল;
৯) ইন্সট্রাক্টর , প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১০) মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাজানপুর, বগুড়া;
১১) মাস্টার কপি/ অফিস কপি।

২১/০৮/২১

(মঞ্জুর আলম)
সিস্টেম এনালিস্ট,
কম্পিউটার নেটয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর।